গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুবউন্নয়ন অধিদপ্তর
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০
www.dyd.gov.bd.

স্মারক নং-৩৪.০১.০০০০.০২৭.৩৭.০০৪.১৩-৪০৫, তারিখঃ ১০/০৭/২০১৯খ্রি:

# ভর্তি বিজ্ঞপ্তি

দেশের ১৮-৩৫ বছর বয়সী কর্মপ্রত্যাশী যুবদের কর্মসংস্থানের নিমিত্ত দক্ষতাবৃদ্ধিমূলক প্রশিক্ষণ ও আত্মকর্মী সৃজনের জন্য যুবউন্নয়ন অধিদপ্তর এর নিম্নবর্ণিত প্রশিক্ষণ কোর্সে ভর্তির লক্ষ্যে কর্মপ্রত্যাশী যুবদের নিকট থেকে বর্ণিত নিয়মাবলী অনুসরণপূর্বক দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| নং | প্রশিক্ষণ কোর্স/ট্রেডের নাম | কোর্স ফি (টাকা) | শিক্ষাগত যোগ্যতা (ন্যূনতম) | প্রশিক্ষণ ভাতা (টাকা) | সাক্ষাৎকারের তারিখ |
|---|---|---|---|---|---|
| ০১. | **"গবাদিপশু, হাঁস-মুরগী পালন, প্রাথমিক চিকিৎসা, মৎস্য চাষ ও কৃষি" বিষয়ক প্রশিক্ষণ কোর্স,** (মেয়াদ-০৩ মাস, আবাসিক) (০১ আগষ্ট, ২০১৯ থেকে ৩১ অক্টোবর, ২০১৯ পর্যন্ত)।<br>**৬১টি যুব প্রশিক্ষণ কেন্দ্র ঃ**<br>যুব প্রশিক্ষণ কেন্দ্র, সাভার, ঢাকা। **( আসন সংখ্যা-১২০)**<br>যুব প্রশিক্ষণ কেন্দ্র, রাজশাহী। **( আসন সংখ্যা-৪০)**<br>**(৫৯টি কেন্দ্রে আসন সংখ্যা-৬০)**<br>যুব প্রশিক্ষণ কেন্দ্র-চট্টগ্রাম, ময়মনসিংহ, সিলেট, রংপুর, ফেনী, যশোর, বগুড়া, বরিশাল, জামালপুর, ফরিদপুর, সিরাজগঞ্জ, ঠাকুরগাঁও, কুমিল্লা, বাগেরহাট, ঝালকাঠি, মৌলভীবাজার, নরসিংদী, কুষ্টিয়া, বান্দরবান, নেত্রকোনা, জয়পুরহাট, নীলফামারী, সাতক্ষীরা, চুয়াডাঙ্গা, মেহেরপুর, লক্ষীপুর, টাঙ্গাইল, কিশোরগঞ্জ, পাবনা, দিনাজপুর, গাইবান্ধা, লালমনিরহাট, নওগাঁ, নাটোর, খুলনা, মাগুরা, নোয়াখালী, চাঁদপুর, হবিগঞ্জ, বি-বাড়ীয়া, ভোলা, গোপালগঞ্জ, নারায়ণগঞ্জ, শরীয়তপুর, মাদারীপুর, শেরপুর, নড়াইল, ঝিনাইদহ, রাঙ্গামাটি, খাগড়াছড়ি, পিরোজপুর, বরগুনা, মুন্সীগঞ্জ, পঞ্চগড়, কক্সবাজার. কুড়িগ্রাম, সুনামগঞ্জ, পটুয়াখালী ও চাঁপাইনবাবগঞ্জ । | ১০০ | অষ্টম শ্রেণি পাশ। | প্রতিমাসে ৩০০০/- টাকা উপস্থিতির ভিত্তিতে। | ৩০জুলাই, ২০১৯ স্ব -স্ব জেলা কার্যালয় |
| ০২ | **"ওভেন সুইং মেশিন অপারেটিং" বিষয়ক প্রশিক্ষণ কোর্স, (অনাবাসিক)**<br>**মেয়াদ-০২ মাস/১৩২ কর্মঘন্টা (০১ আগষ্ট হতে ৩০ সেপ্টেম্বর, ২০১৯) (অনাবাসিক)**<br>**০৩টি কেন্দ্র ঃ (প্রতি কেন্দ্রে আসন সংখ্যা-৩০)**<br>হবিগঞ্জ, গাজীপুর (টঙ্গী) ও ঢাকা জেলা কার্যালয় (ভেন্যু-কেন্দ্রীয় মানব সম্পদ উন্নয়ন কেন্দ্র, সাভার)। | ৫০ | অষ্টম শ্রেণি পাশ। | - | ঐ |
| ০৩. | **"ক্যাটারিং' বিষয়ক প্রশিক্ষণ কোর্স**<br>**মেয়াদ-০৬ মাস/৬০৯ কর্মঘন্টা (১৪ আগষ্ট হতে ১৪ জানুয়ারি, ২০১৯) (অনাবাসিক)**<br>**০১টি কেন্দ্র ঃ ( আসন সংখ্যা-৩০)**<br>যুব প্রশিক্ষণ কেন্দ্র, সাভার,ঢাকা। | ৩০০০ | এইচএসসি পাশ | - | ১১ জুলাই, ২০১৯ স্ব -স্ব জেলা কার্যালয় |

**দরখাস্ত ও ভর্তি সংক্রান্ত তথ্যাদি ঃ**

ক) বর্ণিত ট্রেড ০১ ও ০২ এর দরখাস্ত জমা দেয়ার শেষ তারিখ ২৮ জুলাই, ২০১৯ খ্রি: এবং প্রশিক্ষণ শুরু ০১ আগষ্ট, ২০১৯ খ্রি: এবং ০৩নং ট্রেড এর দরখাস্ত জমা দেয়ার শেষ তারিখ ১০ জুলাই, ২০১৯ খ্রি: এবং প্রশিক্ষণ শুরু ১৪ জুলাই, ২০১৯ খ্রি:।

খ) বর্ণিত কোর্সে/ট্রেডে ভর্তি হতে ইচ্ছুক বা আগ্রহী প্রার্থীর বয়স অবশ্যই ১৮ থেকে ৩৫ বৎসর এবং বেকার যুব হতে হবে। তবে প্রকৃত মুক্তিযোদ্ধা পরিবারের পোষ্যদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য।

গ) **যুব সংগঠন কর্তৃক মনোনীত যুব এবং বিধবা, তালাকপ্রাপ্ত, দুস্থ, বেকার অবিবাহিত যুবনারী প্রার্থীকে নির্বাচনের বিষয়ে অগ্রাধিকার দেয়া হবে।**

ঘ) স্বহস্তে লিখিত দরখাস্ত (০১) নাম (বাংলা ও ইংরেজী) (০২) পিতার নাম (বাংলা ও ইংরেজী) (০৩) মাতার নাম (বাংলা ও ইংরেজী) (০৪) জন্ম তারিখ (০৫) বিজ্ঞপ্তি প্রদানের তারিখে বয়স (০৬) জাতীয়তা পরিচয়পত্র (NID) নম্বর (যদি থাকে) অথবা জন্ম সনদপত্র, (০৭) বর্তমান ঠিকানা, (০৮) স্থায়ী ঠিকানা, (০৯) শিক্ষাগত যোগ্যতা (১০) ধর্ম (১১) জেন্ডার/লিঙ্গ, (১২) মোবাইল নম্বর (যদি থাকে) (১৩) বিকল্প যোগাযোগ নম্বর (১৪) ইতিপূর্বে গৃহীত প্রশিক্ষণ ট্রেডের নাম (যদি থাকে) (১৫) যুব সংগঠনের সদস্য হলে সংগঠনের নাম এবং (১৬) ভবিষ্যত পরিকল্পনা/প্রশিক্ষণ গ্রহণের কারণ উল্লেখ করতে হবে।

ঙ) নির্ধারিত আবেদন ফরম যুবউন্নয়ন অধিদপ্তরের www.dyd.gov.bd ওয়েব সাইটে পাওয়া যাবে অথবা স্ব-স্ব জেলার উপপরিচালক/ কো-অর্ডিনেটর/ ডেপুটি কো-অর্ডিনেটর এবং উপজেলা যুবউন্নয়ন কর্মকর্তার কার্যালয় থেকে বিনামূল্যে সংগ্রহ করা যাবে।

পাতা/২

চ) দূরবর্তী স্থানে বসবাসরত বেকার যুবদের সুবিধার্থে প্রশিক্ষণের আবেদনপত্র (যুবউন্নয়ন অধিদপ্তরের নির্ধারিত ফর্মে অথবা সাদা কাগজে) ইউনিয়ন ডিজিটাল সেন্টার / উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়/যুব প্রশিক্ষণ কেন্দ্র/উপ-পরিচালক এর কার্যালয়ে দাখিল করতে পারবে।

ছ) আবেদনপত্রের সাথে (ক) শিক্ষাগত যোগ্যতা সনদপত্রের ছায়ালিপি (খ) জাতীয় পরিচয়পত্র (যদি থাকে) অথবা স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান / পৌর কমিশনার কর্তৃক জন্ম নিবন্ধন সনদপত্র, (গ) সাক্ষাৎকার ও মনোনয়ন কালে মূল সনদপত্রসহ সদ্য তোলা ০২ কপি পাসপোর্ট সাইজের ছবি সংগে আনতে হবে।

জ) দলিত (সুইপার, ঋষি, ডোম) যুবদের জন্য ৪% কোটা এবং প্রতিবন্ধী, অটিস্টিক ও হিজড়াদের জন্য ৫% কোটা সংরক্ষণসহ কোর্স ফি ব্যতীত অধিদপ্তরের সকল প্রশিক্ষণে ভর্তির সুযোগ রয়েছে। এছাড়াও ০৩টি পার্বত্য জেলার (রাঙ্গামাটি, খাগড়াছড়ি ও বান্দরবান) যুবদের প্রশিক্ষণের জন্য কোন কোর্স ফি'র প্রয়োজন নেই।

ঝ) সাক্ষাতের জন্য নির্ধারিত তারিখে সংশ্লিষ্ট নির্বাচনী বোর্ডের সামনে নির্ধারিত সময়ে হাজির হতে হবে। এ জন্য কোন প্রকার টি.এ./ডি.এ. দেয়া হবে না।

ঞ) ভর্তির ব্যাপারে নির্বাচনী বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

**প্রশিক্ষণের শর্তাবলীঃ**

(ক) ০২, ০৩ ও ৪ নং ক্রমিকে বর্ণিত ট্রেড/কোর্সগুলো অনাবাসিকভাবে (তবে বিনা ভাড়ায় নিজ খরচে যুব প্রশিক্ষণ কেন্দ্রের হোস্টেলে থাকার সুবিধা রয়েছে) পরিচালিত হবে।

(খ) ০১ নং ক্রমিকে বর্ণিত প্রশিক্ষণ কোর্সে ভর্তির সময় ভর্তি ফি ১০০/-(একশত) টাকা (অফেরতযোগ্য) এবং জামানত হিসেবে ১০০/-(একশত) টাকা (ফেরতযোগ্য) কেন্দ্রে জমা দিতে হবে, সমাপনী দিবসে জামানত ফেরত দেয়া হবে।

(গ) ০১ নং ক্রমিকে বর্ণিত প্রশিক্ষণ কোর্সটি সম্পূর্ণ আবাসিক বিধায় হোস্টেলে অবস্থানকারীদের কেন্দ্রের নিয়মানুসারে প্রশিক্ষণ ভাতা প্রদান করা হবে। হোস্টেলে অবস্থান না করলে ভাতার টাকা প্রদান করা হবে না।

(ঘ) ০১ নং ক্রমিকে বর্ণিত প্রশিক্ষণ কোর্সে ভর্তির ক্ষেত্রে যে কেন্দ্রে ছাত্রী হোস্টেল নেই সে কেন্দ্রে যুব নারী প্রশিক্ষণার্থীদেরকে অনাবাসিক হিসেবে প্রশিক্ষণের সুযোগ দেয়া হবে।

(ঙ) প্রত্যেক প্রশিক্ষণার্থীকে কেন্দ্রের নিয়ম-শৃঙ্খলা মেনে চলতে হবে।

(চ) প্রত্যেক প্রশিক্ষণার্থীকে যথাসময়ে প্রশিক্ষণ কেন্দ্রে উপস্থিত থাকতে হবে।

(ছ) প্রশিক্ষণ শেষে আত্মকর্ম/কর্মসংস্থানে নিয়োজিত হতে হবে।

২০/০৭/১৮

(আ.ন আহম্মদ আলী)
পরিচালক(প্রশিক্ষণ-অতিঃ দাঃ)
যুবউন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

স্মারক নং-৩৪.০১.০০০০.০২৭.৩৭.০০৪.১৩- ৪০৫,

তারিখ :- ২০/০৭/২০১৮খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ-

১। পরিচালক/প্রকল্প পরিচালক......................................................(সকল), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

২। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য।

৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।

৪। যুগ্ম সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, যুগ্ম সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।

৫। উপ-পরিচালক, যুবউন্নয়ন অধিদপ্তর (সকল জেলা) ............................ জেলা। তাঁকে ভর্তির বিজ্ঞপ্তি মোতাবেক কোটা অনুযায়ী প্রশিক্ষণার্থী নির্বাচনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। ভর্তি বিজ্ঞপ্তিটি জেলা প্রশাসক, পুলিশ সুপার, মৎস্য, পশুসম্পদ, সমাজসেবা, মহিলা বিষয়ক মন্ত্রণালয়ের জেলা অফিস, উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয়, উপজেলা পরিষদ চেয়ারম্যান, উপজেলা মৎস্য, কৃষি, পশুসম্পদ কার্যালয়, সহকারী কমিশনার (ভূমি), উপজেলা সমাজসেবা অফিস, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়, ইউনিয়ন ভূমি অফিসে প্রেরণ এবং তালিকাভুক্ত যুব সংগঠনসহ সকল সরকারি ও বেসরকারি সংস্থার নোটিশ বোর্ডে টানানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। প্রয়োজনে স্থানীয়ভাবে সাক্ষাতের তারিখ নির্ধারণ করে বিজ্ঞপ্তি প্রচারের মাধ্যমে নির্ধারিত তারিখে অবশ্যই প্রশিক্ষণ শুরু করতে হবে।

৬। কো-অর্ডিনেটর, যুব প্রশিক্ষণ কেন্দ্র, যুবউন্নয়ন অধিদপ্তর,---------------------------------------(১০টি কেন্দ্র)।

৭। ডেপুটি কো-অর্ডিনেটর, যুব প্রশিক্ষণ কেন্দ্র, যুবউন্নয়ন অধিদপ্তর,-----------------------------------(৫১টি কেন্দ্র)

৮। সহকারী পরিচালক, আইসিটি সেল, যুবউন্নয়ন অধিদপ্তর, ঢাকা। তাঁকে ভর্তি বিজ্ঞপ্তিটি যুবউন্নয়ন অধিদপ্তরের ওয়েবসাইটে প্রচারের জন্য অনুরোধ করা হলো।

৯। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুবউন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

১০। অফিস কপি।

২০/৭/১৮

(চায়না ব্যানার্জী)
সহকারী পরিচালক(প্রশিক্ষণ)
ফোন: ০২-৯৫৬৭৭৭১।